

স্মারক নং-৪৩.২৬.৪৪০০.০০১.২৩.০০১.১৯. ৪০(২০০)

তারিখ: ১৯ চৈত্র, ১৪২৯
০২ এপ্রিল, ২০২৩

বাংলা নববর্ষ ১৪৩০ উপলক্ষে কুইজ, চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা

বাংলা নববর্ষ ১৪৩০ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝিনাইদহে নিম্নোক্ত বিষয়ে কুইজ ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে।

ক) কুইজ প্রতিযোগিতা:

ক্র.নং	গ্রুপ	শ্রেণি	কুইজ প্রতিযোগিতার বিষয়	স্থান, তারিখ ও সময়
১	ক	নবম- দ্বাদশ	বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কিত	জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝিনাইদহে ১২ এপ্রিল ২০২৩ তারিখ বেলা ১১.০০ টার সময় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
২	খ	স্নাতক-স্নাতকোত্তর		

খ) চিত্রাংকন প্রতিযোগিতা:

ক্র.নং	গ্রুপ	শ্রেণি	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	স্থান, তারিখ ও সময়
১	ক	শিশু শ্রেণি-দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝিনাইদহে ১২ এপ্রিল ২০২৩ তারিখ বেলা ১২.০০ টার সময় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অংশগ্রহণকারীদের আর্ট পেপার ব্যতীত অন্যান্য অংকন সরঞ্জাম সাথে আনতে হবে।
২	খ	তৃতীয় শ্রেণি-ষষ্ঠ শ্রেণি	বৈশাখী মেলা	

গ) রচনা প্রতিযোগিতা:

ক্র.নং	গ্রুপ	রচনা প্রতিযোগিতার বিষয়	স্থান, তারিখ ও সময়
১	সর্বসাধারণ	বাংলা নববর্ষ, অসাম্প্রদায়িক চেতনা ও বঙ্গবন্ধু	জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝিনাইদহে ১২ এপ্রিল ২০২৩ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত ডাকযোগে/সরাসরি রচনা জমা দেওয়া যাবে।

শর্তাবলি:

- ১। রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে। রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক;
- ২। রচনা প্রতিযোগিতায় অবশ্যই প্রতিযোগীর পূর্ণনাম, পিতা ও মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম/ঠিকানা, শ্রেণি, স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন /স্টুডেন্ট আইডি কার্ডের কপি (সর্বসাধারণের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি) সহ মোবাইল নম্বর উল্লেখ করতে হবে;
- ৩। কুইজ ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের স্টুডেন্ট আইডি কার্ডের কপি আনতে হবে;
- ৪। www.facebook.com/gpljhenaidah ও publiclibrary.jhenaidah.gov.bd সকল তথ্য এই ঠিকানায় পাওয়া যাবে।


(মোঃ মনজুর আলম)

লাইব্রেরিয়ান

জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝিনাইদহ।

ফোন: ০২৪৭৭৭৪৬০৪০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে):

- ১। জেলা প্রশাসক, ঝিনাইদহ;
- ২। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ (জেলার বিভিন্ন মাধ্যমিক/প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে অবহিত করার জন্য অনুরোধসহ);
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর/কালীগঞ্জ/মহেশপুর/শৈলকুপা/হরিনাকুন্ডু/কোটচাঁদপুর, ঝিনাইদহ (উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অবহিত করার জন্য অনুরোধসহ);
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর/কালীগঞ্জ/মহেশপুর/শৈলকুপা/হরিনাকুন্ডু/কোটচাঁদপুর, ঝিনাইদহ (উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পত্র মারফত অবহিত করার জন্য অনুরোধসহ);
- ৫। প্রিন্সিপাল, (নোটিশ বোর্ড ও ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের জন্য অনুরোধসহ);
- ৬। প্রধান শিক্ষক, (নোটিশ বোর্ড ও ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের জন্য অনুরোধসহ);
- ৭। প্রাপক, (নোটিশ বোর্ড ও ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের জন্য অনুরোধসহ);
- ৮। অফিস কপি/নোটিশ বোর্ড।